গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১২ আষাঢ়, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৬ জুন, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং- ২৪২-আইন/২০২৪/৮৪/কাস্টমস।**- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১২ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি ৩ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নবর্ণিত উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) কোনো প্রতিষ্ঠানের মোট বার্ষিক উৎপাদন ক্ষমতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা:-

বার্ষিক উৎপাদন ক্ষমতা = {বার্ষিক মোট কার্যদিবস (৩০০) × কার্যদিবস প্রতিঘন্টা (২০ অথবা ক্ষেত্রমত ২৪) × উৎপাদনে ব্যবহৃত মেশিনের সংখ্যা × প্রতি ঘন্টায় মেশিনের উৎপাদন ক্ষমতা}।”; এবং

(খ) বিধি ৫ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত “করিতে হইবে” শব্দগুলির পরিবর্তে “করা যাইবে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**